৭৭৬

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

M Rahman 06/07/2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

**গত ২৬ জুন ২০২৫ তারিখে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান ও বার্তা বিভাগের কনটেন্ট তৈরি বিষয়ক জরুরি সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ এস এম জাহীদ, মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বাংলাদেশ বেতার। |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা |
| তারিখ ও সময় | : | ২৬ জুন ২০২৫; সময়: বিকাল ৩.৩০টা। |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট-ক। |

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, আগামী ০৫ আগস্ট ২০২৫ তারিখে জুলাই গণঅভ্যুত্থানের ০১ (এক) বছর পূর্ণ হবে এবং জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ বেতারের কর্মপরিকল্পনা সম্পর্কে এবং উপস্থিত সকল কর্মকর্তাকে তাদের সুনির্দিষ্ট মতামত/পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার নির্দেশনার আলোকে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান ও বার্তা বিভাগের নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা (বাস্তবায়নের সময়কাল উল্লেখপূর্বক) ইতোমধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

| ক্রমিক | কর্মপরিকল্পনা | বাস্তবায়নের সময়কাল |
|---|---|---|
| ১. | ১ জুলাই ২০২৫ থেকে ৫ আগস্ট ২০২৫ পর্যন্ত "রক্তাক্ত জুলাইয়ের দিনলিপি" শিরোনামে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট একই সময়ে জুলাই অভ্যুত্থানের দিন স্মরণ করে বিশেষ অনুষ্ঠান প্রচার করবে। এই অনুষ্ঠানের মধ্যে থাকবে জুলাই অভ্যুত্থানে আহত বীর যোদ্ধাদের সাক্ষাৎকার, জুলাই যোদ্ধাদের আন্দোলনের দিনগুলো স্মরণ, জুলাই অভ্যুত্থানে শহীদদের পরিবারের সাক্ষাৎকার, দেশাত্মবোধক গান, পুঁথি পাঠ, ছোট্ট নাটিকা ইত্যাদি | ১ জুলাই ২০২৫ থেকে ৫ আগস্ট ২০২৫ (সংলাগ-১) |
| ২. | বাংলাদেশ বেতারের সংবাদ বুলেটিনে জুলাই অভ্যুত্থানের দিনগুলোর স্মরণে বিশেষ রিপোর্টিং, আহত যোদ্ধাদের সাক্ষাৎকার, নিহত শহীদ যোদ্ধাদের পরিবারের সাক্ষাৎকার এবং জুলাই যোদ্ধাদের স্মৃতিচারণ নিয়ে বিশেষ সংবাদ বুলেটিন ও নিউজরিল প্রচার করা হবে। | ১ জুলাই ২০২৫ থেকে ৫ আগস্ট ২০২৫ (সংলাগ-২) |
| ৩. | জুলাই আগস্ট গণঅভ্যুত্থানকে সামনে রেখে তারুণ্যের উৎসবকে প্রাধান্য দিয়ে বাংলাদেশ বেতারের সবগুলো আঞ্চলিক কেন্দ্র একটি করে বিশেষ বহিরাঙ্গন আয়োজন করতে পারে, এক্ষেত্রে অতিরিক্ত কোন বাজেট বরাদ্দর প্রয়োজন হবে না; তবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পূর্বানুমোদন প্রয়োজন হবে। | জুলাই ২০২৫ |
| ৪. | জুলাই আগস্ট অভ্যুত্থানের বিজয়ের দিন ৫ আগস্ট ২০২৫ বেতার সদর দপ্তর বিশেষ আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে, এই অনুষ্ঠানে জুলাই অভ্যুত্থানের বীর যোদ্ধাদের অংশগ্রহণে বিশেষ পরিবেশনার পাশাপাশি দেশবরেণ্য শিল্পীদের সমন্বয়ে তারুণ্যের উৎসব ও দেশাত্মবোধক গানের আয়োজন করা হবে। | ৫ আগস্ট ২০২৫ বিকাল ৩.০০ ঘটিকা |

সভায়, বাংলাদেশ বেতার, সদর দপ্তরের উপপরিচালক জনাব আখতার জাহান দোলন জানান যে, বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট একই সময়ে জুলাই অভ্যুত্থানের দিন স্মরণ করে ১ জুলাই ২০২৫ থেকে ৫ আগস্ট ২০২৫ পর্যন্ত "রক্তাক্ত জুলাইয়ের দিনলিপি" শিরোনামে ১০-১৫ মিনিটের অনুষ্ঠান (জুলাই অভ্যুত্থানে আহত বীর যোদ্ধাদের সাক্ষাৎকার, জুলাই যোদ্ধাদের আন্দোলনের দিনগুলো স্মরণ, জুলাই অভ্যুত্থানে শহীদদের পরিবারের সাক্ষাৎকার, দেশাত্মবোধক গান, পুঁথি পাঠ, ছোট্ট নাটিকা ইত্যাদি) আয়োজন করবে এবং এছাড়াও সকল কেন্দ্র ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম থেকে অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে জুলাই আন্দোলনে আহত বীর যোদ্ধা এবং জুলাই অভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের সংক্ষিপ্ত (১-২ মিনিট) হৃদয়স্পর্শী সাক্ষাৎকার অডিও ক্লিপ আকারে প্রচার করা হবে।

চলমান পাতা: ০২

সভায় কেন্দ্রীয় বার্তা সংস্থার পরিচালক জনাব শফিকুল আলম জানান যে, বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট একই সময়ে জুলাই অভ্যুত্থানের দিন স্মরণ করে ১ জুলাই ২০২৫ থেকে ৫ আগস্ট ২০২৫ পর্যন্ত সংবাদের ফাঁকে ফাঁকে হৃদয়স্পর্শী সাক্ষাৎকার অডিও ক্লিপ আকারে প্রচার করা হবে।

সভায় জানানো হয় যে, জুলাই অভ্যুত্থান স্মরণে তিনটি দিবস ঘোষণা করা হয়েছে। তিনটি দিবস হলো: (১) ছাত্র-জনতার অভ্যুত্থানে সরকার পতনের ঘটনাবহুল ৫ অগাস্টকে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস'; (২) অন্তর্বর্তী সরকারের যাত্রা শুরুর দিন ৮ অগাস্টকে ঘোষণা করা হয়েছে 'নতুন বাংলাদেশ দিবস'; (৩) আর জুলাইয়ের কোটা সংস্কার আন্দোলনের মধ্যে রংপুরে পুলিশের গুলিতে আবু সাঈদের মৃত্যুর দিন ১৬ জুলাইকে 'শহীদ আবু সাঈদ দিবস'। এর মধ্যে ৫ অগাস্টকে 'ক শ্রেণিভুক্ত এবং বাকি দুটি তারিখকে 'খ' শ্রেণিভুক্ত দিবস হিসেবে নির্ধারণ করা হয়েছে।

৫ জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে রাজধানীর যাত্রাবাড়ি, বসিলা, মিরপুর, মানিক মিয়া এভিনিউ ইত্যাদি স্থানে এবং ঢাকার বাহিরে নরসিংদীতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে সভায় জানানো হয়। উক্ত অনুষ্ঠানের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে DSNG ভ্যানের মাধ্যমে সরাসরি সম্প্রচার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় সভাপতি বলেন, বাংলাদেশ বেতার, আগারগাঁওস্থ কেন্দ্রের সামনে স্থাপিত এলইডি ডিসপ্লে (LED display) উক্ত অনুষ্ঠানগুলো সরাসরি দেখানো যায় কি না। এ বিষয়ে জাতীয় বেতার ভবনের সিনিয়র প্রকৌশলী জনাব আবু মাসুদ জানান যে, বর্তমানে এলইডি ডিসপ্লে ২টি সচল আছে কি না তার পরীক্ষা করে দেখা হবে।

সভাপতি জানতে চান যে, বাংলাদেশ বেতারে সিলেট কেন্দ্র হতে আনিত DSNG ভ্যানটি সচল আছে কি না। এ বিষয়ে জাতীয় বেতার ভবনের আঞ্চলিক প্রকৌশলী জনাব তাপস কান্তি তালুকদার জানান যে, DSNG ভ্যানটির অনেক যন্ত্রপাতি ভাঙা অবস্থায় পাওয়া গেছে এবং যন্ত্রপাতির একটি তালিকা সিলেট কেন্দ্রের আঞ্চলিক প্রকৌশলীর নিকট প্রেরণ করা হয়েছে। কিন্তু এ বিষয়ে কোনো উত্তর পাওয়া যায়নি। সভাপতি আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সিলেটকে ২৯ জুন ২০২৫ তারিখ বিকাল ৫ টার মধ্যে DSNG ভ্যানের যন্ত্রপাতি জাতীয় বেতার ভবনের আঞ্চলিক প্রকৌশলী জনাব তাপস কান্তি তালুকদারের নিকট প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

সভাপতি আরো জানান যে, আগামী ৫ অগাস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষ্যে বাংলাদেশ বেতার, আগারগাঁওস্থ কেন্দ্রের সামনে উন্মুক্ত স্থানে একটি অনুষ্ঠান আয়োজন করা যায় কি না এ বিষয়ে উপস্থিত সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সকল কর্মকর্তা এ বিষয়ে একমত পোষণ করেন। সভায় উপস্থিত সকলের সুপারিশ/মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (ক) | জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার নির্দেশনার আলোকে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান ও বার্তা বিভাগের উল্লিখিত কর্মপরিকল্পনা (বাস্তবায়নের সময়কাল উল্লেখপূর্বক) যথাযথভাবে বাস্তবায়ন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১)অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান);<br>(২) উপমহাপরিচালক (বার্তা);<br>(৩) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |
| (খ) | বাংলাদেশ বেতার, আগারগাঁওস্থ কেন্দ্রে উন্মুক্ত স্থানে একটি অনুষ্ঠান আয়োজন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১)অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান);<br>(২) উপমহাপরিচালক (বার্তা);<br>(৩) পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| (গ) | ৫ জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে রাজধানীর বিভিন্ন স্থানে (যাত্রাবাড়ি, বসিলা, মিরপুর, মানিক মিয়া এভিনিউ ইত্যাদি) এবং ঢাকার বাহিরে বিভিন্ন স্থানে (নরসিংদী) আয়োজিত অনুষ্ঠান সরাসরি (অগ্রাধিকার ভিত্তিতে) DSNG ভ্যানের মাধ্যমে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা;<br>(২) সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা। |

চলমান পাতা: ০৩

| | | |
|---|---|---|
| (ঘ) | আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সিলেট ২৯ জুন ২০২৫ তারিখ বিকাল ৫ টার মধ্যে তালিকা অনুযায়ী DSNG ভ্যানের যন্ত্রপাতি জাতীয় বেতার ভবনের আঞ্চলিক প্রকৌশলী জনাব তাপস কান্তি তালুকদার নিকট প্রেরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সিলেট |
| (ঙ) | বাংলাদেশ বেতার, আগারগাঁওস্থ কেন্দ্রের সামনে স্থাপিত এলইডি ডিসপ্লে (LED display) তে ৫ জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে রাজধানীর বিভিন্ন স্থানে (যাত্রাবাড়ি, বসিলা, মিরপুর, মানিক মিয়া এভিনিউ ইত্যাদি) এবং ঢাকার বাহিরে বিভিন্ন স্থানে ( নরসিংদী) আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান (অগ্রাধিকার ভিত্তিতে) সরাসরি প্রচার করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রকৌশলী জাতীয় বেতার ভবন বাংলাদেশ বেতার, ঢাকা। |
| (চ) | মন্ত্রিপরিষদ বিভাগ/বিভিন্ন মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জুলাই অভ্যুত্থান স্মরণে বিভিন্ন দিবস ঘোষণা/বিভিন্ন কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।। | (১)অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান);<br>(২) উপমহাপরিচালক (বার্তা);<br>(৩) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |
| (ছ) | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট জুলাই গণঅভ্যুত্থানের দিন স্মরণ করে ১ জুলাই থেকে ৫ আগস্ট ২০২৫ পর্যন্ত অনুষ্ঠান/সংবাদের ফাঁকে ফাঁকে জুলাই আন্দোলনে আহত বীর যোদ্ধা এবং জুলাই অভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের সংক্ষিপ্ত (১-২ মিনিট) হৃদয়স্পর্শী সাক্ষাৎকার অডিও ক্লিপ আকারে প্রচার করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১)অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান);<br>(২) উপমহাপরিচালক (বার্তা);<br>(৩) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |
| (জ) | জুলাই গণঅভ্যুত্থান স্মরণ করে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট ১ জুলাই থেকে ৫ আগস্ট ২০২৫ পর্যন্ত কমপক্ষে ৫টি অনুষ্ঠান (সংক্ষিপ্ত) Social Mediaতে প্রচার করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১)অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান);<br>(২) উপমহাপরিচালক (বার্তা);<br>(৩) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |

০২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০.০৬.২৫

এ এস এম জাহীদ
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
☎:৪৪৮১৩০৬২
ইমেইল: dg@betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.১০.০৩৬৮.২৪.৬২৫

তারিখ: ০২/০৭/২০২৫

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২. উপমহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫. পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম।

চলমান পাতা: ০৪

৬. আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর /বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।

৭. সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সকল কর্মকর্তাকে মেইল মারফত কার্যবিবরণীর কপি প্রেরণের অনুরোধসহ)।

৮. সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/ ঢাকা/ পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

৯. প্রকল্প পরিচালক, "বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প/"বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প।

১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।

১১. আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/ বেতার প্রকাশনা দপ্তর /সিলেট/রংপুর/ খুলনা/ বরিশাল/কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।

১২. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।

১৩. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

১৪. স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

১৫. উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

১৬. উপস্টেশন প্রকৌশলী (যানবাহন, কমন, প্রশিক্ষণ ও নিরাপত্তা শাখা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

১৭. সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

১৮. উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।

১৯. হিসাব রক্ষক কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন-১/সংস্থাপন-২/কমন/যানবাহন/হিসাব/আইন, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

২০. নিরাপত্তা কর্মকর্তা, সদর দপ্তর/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (উপসচিব), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

২. উপসচিব (প্রশাসন-১)/উপসচিব (বেতার-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মাননীয় সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

৩০.০৬.২০২৫

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

## জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ বেতার কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা সংক্রান্ত

- জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ উপলক্ষ্যে ১ জুলাই, ২০২৫ থেকে ৫ আগস্ট, ২০২৫ পর্যন্ত "রক্তাক্ত জুলাইয়ের দিনলিপি" শিরোনামে বাংলাদেশ বেতার থেকে প্রচারিতব্য প্রতিদিনের অনুষ্ঠানের প্রচার সময়

| ক্রমিক | কেন্দ্র | প্রচার সময় |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ বেতার ঢাকা | সকাল ৮.১৫ মিনিট |
| ০২ | বাংলাদেশ বেতার চট্টগ্রাম | সকাল ৮.৪৫ মিনিট |
| ০৩ | বাংলাদেশ বেতার রাজশাহী | বিকাল ৫.১০ মিনিট |
| ০৪ | বাংলাদেশ বেতার রংপুর | সকাল ৯.০৫ মিনিট |
| ০৫ | বাংলাদেশ বেতার সিলেট | বিকাল ৫.৩০ মিনিট |
| ০৬ | বাংলাদেশ বেতার বরিশাল | সকাল ৯.৪৫ মিনিট |
| ০৭ | বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও | দুপুর ৩.১৫ মিনিট |
| ০৮ | বাংলাদেশ বেতার রাঙামাটি | দুপুর ৩.১৫ মিনিট |
| ০৯ | বাংলাদেশ বেতার কক্সবাজার | দুপুর ৩.৩০ মিনিট |
| ১০ | বাংলাদেশ বেতার বান্দরবান | সকাল ৮.৪০ মিনিট |
| ১১ | বাংলাদেশ বেতার কুমিল্লা | সকাল ৮.৫০ মিনিট |
| ১২ | বাংলাদেশ বেতার গোপালগঞ্জ | বিকাল ৪.০৫ মিনিট |
| ১৩ | বাংলাদেশ বেতার ময়মনসিংহ | বিকাল ৪.৪০ মিনিট |

- প্রতিদিনের অনুষ্ঠানে জুলাই অভ্যুত্থানে আন্দোলনের দিনলিপি, আহত বীর যোদ্ধাদের সাক্ষাৎকার, জুলাই অভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের সাক্ষাৎকার, আলোচনা, প্রামাণ্য, গ্রাফিতি প্রসঙ্গ, অভ্যুত্থান বিষয়ক গান, কবিতা আবৃত্তি, পুঁথিপাঠ, নাটিকা এবং অভ্যুত্থান সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে। দিনলিপিতে জাতীয় গুরুত্বপূর্ণ ঘটনার সাথে ঐদিনের স্থানীয় ঘটনাবলী উল্লেখ করা হবে।
- এছাড়াও সকল কেন্দ্র ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম থেকে অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে জুলাই আন্দোলনে আহত বীর যোদ্ধা এবং জুলাই অভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের সংক্ষিপ্ত (১-২ মিনিট) টাচি সাক্ষাৎকার অডিও ক্লিপ আকারে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- ৫ আগস্ট 'ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষ্যে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র থেকে দিবসব্যাপী বিশেষ অনুষ্ঠান প্রচার করা হবে। ওইদিন আলোচনা অনুষ্ঠান, গান, সাক্ষাৎকার, প্রামাণ্য, বেতার বিবরণী, কবিতা আবৃত্তির অনুষ্ঠান ও গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট বিভিন্ন অনুষ্ঠান প্রচার করা হবে।

22/06/25

আখতার জাহান দোলন
উপ-পরিচালক
বাংলাদেশ বেতার
সদর দপ্তর, ঢাকা।

- জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ উপলক্ষ্যে ১ জুলাই, ২০২৫ থেকে ৫ আগস্ট, ২০২৫ পর্যন্ত বাংলাদেশ বেতার থেকে প্রচারিতব্য সংবাদ প্রতিবেদন প্রচারের সময়সূচি

| সংবাদ প্রতিবেদন | প্রচার সময় |
|---|---|
| জুলাই গণঅভ্যুত্থান-২০২৪-এর স্বৈরাচার বিরোধী আন্দোলনে শহিদ ব্যক্তিদের জীবন ও অবদান, আন্দোলনে আহতদের জীবন ও সংগ্রাম, আন্দোলনে সম্পৃক্ত সমন্বয়কদের সাক্ষাৎকার, ছাত্র-জনতার বিভিন্ন উদ্যোগ, রাষ্ট্র মেরামতে তারুণ্যের বিভিন্ন কার্যক্রমসহ দেশের বিভিন্ন জেলার বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শহিদ ও আহতদের নিয়ে বিশেষ প্রতিবেদন প্রচার। | প্রতিদিন সকাল ৭.০০ টা (প্রাইম বুলেটিন-সকল কেন্দ্র)<br><br>প্রতিদিন রাত ৮.৩০ মিনিট (প্রাইম বুলেটিন-সকল কেন্দ্র) |
| • এছাড়াও আঞ্চলিক কেন্দ্র থেকে স্থানীয় সংবাদে জুলাই অভ্যুত্থান বিষয়ে বিশেষ প্রতিবেদন ও সংবাদ প্রচার করবে। | |

22/06/25

মুহাম্মাদ মাসুদুর রহমান
উপ-বার্তা নিয়ন্ত্রক
বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

২৬/০৬/২০২৫ বৃহস্পতিবার বেলা ৩:৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সদর দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত গণমাধ্যম সংস্কার কমিশনের রিপোর্ট অনুযায়ী বাংলাদেশ বেতারের অনুষ্ঠান ও বার্তা বিভাগের কনটেন্ট তৈরি বিষয়ক জরুরি সভার উপস্থিতি হাজিরা সীট :

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব মু. আনোয়ার হোসেন মৃধা<br>অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২৬/৬/২৫ |
| ২। | জনাব মুনীর আহমদ<br>প্রধান প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২৬/৬/২৫ |
| ৩। | জনাব শাহানাজ বেগম<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান-১)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২৬/৬/২০২৫ |
| ৪। | জনাব এস এম আবুল হোসেন<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান-২)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | — |
| ৫। | জনাব মুহাম্মদ শরীফুল কাদের<br>উপ-মহাপরিচালক (বার্তা)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | ২৬/৬/২৫ |
| ৬। | প্রবাল কান্তি দাস<br>সি. প্র., কারিগরি | ২৬/৬/২৫ |
| ৭। | মো: [illegible]<br>সি. প্র.: সংরক্ষণ [illegible] বিভাগ | ২৬/৬/২৫ |
| ৮। | মো: মাসুদুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, ঢাকা। | ২৬/৬/২৫ |
| ৯। | মো: আবু মাসুদ<br>সিনিয়র প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, ঢাকা | ২৬/৬/২৫ |
| ১০। | মোছা: তানিয়া মাকসুদা<br>পরিচালক মনিটরিং | ২৬/০৬/২৫ |

| | | |
|---|---|---|
| ১১। | মুহম্মদ মাহবুব আলম<br>সিনিয়র প্রকৌশলী<br>ট্রান্সমিশন সার্ভিস | ২৫।৫।২৫ |
| ১২। | এ.টি.এম. মাসুদুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>পরিকল্পনা সংস্থা | ২৫/০৫/২০২৫ |
| ১৩। | মো: হাসান আহমেদ<br>অনুষ্ঠান নির্বাহক<br>পরিকল্পনা সেল | ২৫/০৫/২৫ |
| ১৪। | মাহিমা বেগম<br>আঞ্চলিক পরিচালক<br>বেতার প্রকাশনা দপ্তর | ২৫.০৫.২০২৫ |
| ১৫। | ইমরান জাহিদুল ইসলাম<br>অতি: পরিচালক(প্রশা) | ২৫.০৫.২৫ |
| ১৬। | মাহফুজুল হক<br>উপপরিচালক | 25.5.25 |
| ১৭। | কাফিজুল আলম<br>পরিচালক (বার্তা) | ২৫/৫/২৫ |
| ১৮। | মো: কামরুল আলম<br>পরিচালক, সংগীত ও<br>কেন্দ্র: বিশ্ব কার্যক্রম, (অতি: দা:) | ২৫/৫/২০২৫. |
| ১৯। | মো: জুলফিকার রহমান (বেরোমী)<br>পরিচালক, ট্রান্সমিশন সার্ভিস | ২৫.৫.২৫ |
| ২০। | মো: বশির উদ্দিন<br>পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা | ২৫/৫/২৫ |
| ২১। | সাদ্দাম মোস্তফা কামাল<br>পরিচালক (অনুষ্ঠান) | ২৫/৫/২৫ |

| | | |
|---|---|---|
| ২২। | দেওয়ান আসাদুল ইসলাম<br>উপপরিচালক (প্র/খ) | [signature] |
| ২৩। | নাজনীন সুলতানা<br>উপ-বার্তা নিয়ন্ত্রক<br>মনিটরিং পরিদপ্তর | [signature]<br>২৬/০৬/২৫ |
| ২৪। | আখতার জাহান দোলন<br>উপপরিচালক<br>সদর দপ্তর | [signature]<br>২৬/০৬/২৫ |
| ২৫। | রোকসানা রহমান<br>উপপরিচালক, নিয়ন্ত্রণ শাখা<br>বেতার, সদর দপ্তর, ঢাকা | [signature]<br>২৬/৬/২০২৫ |
| ২৬। | মোহাম্মদ কামাল হোসেন<br>সেকশন প্রকৌশলী<br>গবেষণা ও গ্রহণ কেন্দ্র | [signature]<br>২৬/৬/২৫ |
| ২৭। | মো: রুবাইয়াত শামীম চৌধুরী<br>পরিচালক (প্র/ম) | [signature]<br>২৬/৬/২৫ |
| ২৮। | মো: রফিক হোসেন<br>DRD, BBD | [signature]<br>২৬.০৬.২৫ |
| ২৯। | ~~[illegible]~~<br>DRD<br>বাংলাদেশ বেতার, ঢাকা | [signature]<br>২৬/০৬/২৫ |
| ৩০। | মেহেদী শাহরিয়ার [illegible]<br>সহকারী বার্তা নিয়ন্ত্রক<br>বাংলাদেশ বেতার | [signature]<br>২৬/০৬/২৫ |
| ৩১। | | |
| ৩২। | | |